

💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ সালাত

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

(২৮০) তারাবীহ্ নামাযে কুরআন খতম করার দু'আ পাঠ করার বিধান কি?

রামাযান মাসে তারাবীহ্ নামাযে কুরআন খতম করার দু'আ পাঠ করার ব্যাপারে নবী (ছাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম)এর সুন্নাত বা ছাহাবায়ে কেরাম থেকে কোন হাদীছ আমি জানিনা। খুব বেশী যা পাওয়া যায় তা হচ্ছে, আনাস বিন মালেক (রাঃ) বর্ণিত হাদীছ। 'তিনি (আনাস) কুরআন খতম করলে পরিবারের লোকদের একত্রিত করে দু'আ করতেন।' তবে এটা নামাযের বাইরের কথা।

কুরআন খতমের দু'আ সুন্নাত থেকে তো প্রমাণিত নয়ই তারপরও এর জন্য নির্দিষ্ট কিছু মসজিদে অতিরিক্ত ভীড় লক্ষ্য করা যায়। অতঃপর মসজিদ থেকে বের হওয়ার সময় নারী-পুরুষের সংমিশ্রণ ব্যাপক আকারে দেখা যায়। কিন্তু বিদ্বানদের কেউ বলেছেন কুরআন খতম করার পর এই দু'আ পাঠ করা মুস্তাহাব।

ইমাম যদি শেষ রাতের নামায সমাপ্ত করে বিতর নামাযে এই খতমে কুরআনের দু'আ পাঠ করে এবং কুনূত পাঠ করে তবে কোন অসুবিধা নেই। কেননা বিতর নামাযে কুনূত শরীয়ত সম্মত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=810

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন